

18-D

BNGA (HN)-07

West Bengal State University
B.A./B.Sc./B.Com (Honours, Major, General) Examinations, 2015
PART - III

বাংলা — সাম্মানিক
সপ্তম পত্র

সময় : ৪ ঘণ্টা

পূর্ণমান : ১০০

উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।
দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমানের নির্দেশক।

- ১। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ১০ + ১০ = ২০
- ক) 'ব্যক্তিগত ডায়েরী' কখন সাহিত্য পদবাচ্য হয়ে ওঠে তা পর্যালোচনা করে, একটি সার্থক ডায়েরিধর্মী সাহিত্যের পরিচয় দাও। ৬ + ৪
- খ) রম্যরচনা কাকে বলে ? ব্যক্তিগত প্রবন্ধ ও রম্যরচনার মধ্যে পার্থক্য কোথায় ? বাংলা সাহিত্যের একটি রম্যরচনার দৃষ্টান্ত দাও। ৩ + ৩ + ৪
- গ) ভ্রমণসাহিত্য কাকে বলে ? একটি সার্থক বাংলা ভ্রমণসাহিত্যের পরিচয় দাও। ৬ + ৪
- ঘ) সংক্ষিপ্ত পরিচয় দাও (যে কোন দুটি) : ৫ + ৫
- (অ) পত্রসাহিত্য, (আ) বস্তুনিষ্ঠ প্রবন্ধ, (ই) তুলনামূলক সাহিত্য সমালোচনা পদ্ধতি।
- ২। বাংলা গদ্যধারায় 'কমলাকান্তের দপ্তর' এক নতুন গদ্যরীতির প্রবর্তন করেছিল — আলোচনা করুন। ১৫
- অথবা
- 'কমলাকান্তের দপ্তর' ও 'আমার মন' রচনাটিতে কমলাকান্তের আত্ম-উপলব্ধির যে পরিচয় ফুটে উঠেছে, তা বিশদভাবে আলোচনা করো। ১৫

SUB-B.A.(HN)-BNGA-12097

[Turn over

- ৩। 'ছিন্নপত্র' নিছক কতকগুলি পত্রের সমাবেশ নয়, তার মধ্য দিয়ে পত্রসাহিত্যের যে বিশেষ লক্ষণগুলি ফুটে উঠেছে, সে বিষয়ে তোমার মতামত আলোচনা করো। ১৫

অথবা

'ছিন্নপত্রে' তোমার পাঠ্য পত্রগুলি অবলম্বনে বিশ্বপ্রকৃতির সঙ্গে কবির নিবিড় সম্পর্কের যে পরিচয় পাও তার স্বরূপ পরিস্ফুট করো। ১৫

- ৪। 'পটুয়া শিল্প' প্রবন্ধে প্রাবন্ধিক যামিনী রায় বলেছেন — "সব ছবিরই দুটো দিক থাকে, বলবার কথা আর বলবার ভাষা। প্রসঙ্গ আর আঙ্গিক" — পটুয়া ছবিকে এই দুই দিক থেকে কেমনভাবে লেখক বিচার করেছেন আলোচনা করো। $৭\frac{১}{২} + ৭\frac{১}{২}$

অথবা

মাতৃভাষাকে শিক্ষায় সর্বস্তরে ব্যবহার করার ক্ষেত্রে প্রাবন্ধিক প্রদত্ত যুক্তিগুলি বিশ্লেষণ করুন। বিজ্ঞান চর্চার ক্ষেত্রে মাতৃভাষার ব্যবহার কতটা কার্যকর হতে পারে, সে বিষয়ে লেখকের অভিমত আলোচনা করো। $৭\frac{১}{২} + ৭\frac{১}{২}$

- ৫। ঈশ্বর গুপ্ত বাংলার কবি — মন্তব্যটি কে, কোন্ অর্থে প্রয়োগ করেছিলেন? প্রাবন্ধিক এই মন্তব্যকে কীভাবে ব্যাখ্যা করেছেন, আলোচনা করো। ৫ + ১০

অথবা

"রূপকথার বিরুদ্ধে প্রাপ্তবয়স্কদের প্রধান অভিযোগ — ইহার অলীকতা ও অবাস্তবতা" — কোন্ প্রবন্ধে কার উক্তি? এই অভিযোগ লেখক কীভাবে খন্ডন করেছেন, বুঝিয়ে দাও। ১৫

- ৬। নিম্নলিখিত যেকোন একটি বিষয় অবলম্বনে প্রবন্ধ রচনা করো : ২০

- বাঙলার লোকসাহিত্য
- মধ্যযুগের সাহিত্যে মানবতাবাদ
- শরৎ-সাহিত্যে নারী
- বঙ্কিমের উপন্যাসে ইতিহাস ও রোমান্সের মিশ্রণ
- রবীন্দ্রসাহিত্যে নারীমুক্তির ভাবনা
- বিশ্বযুদ্ধ পরবর্তী বাঙলা ছোটগল্প।